দৈনিক খবর


তারিখ 27 MAY 1989
পৃষ্ঠা ১ কলাম

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

055


বাকবিশিস সম্মেলনে বিচারপতি কামালউদ্দিন

# সমস্যা সমাধানের জন্য প্রয়োজন জনগণের সরকার

।। স্টাফ রিপোর্টার ।।

বিচারপতি কামালউদ্দিন হোসেন বলেছেন, তাত্ত্বিকভাবে জনগণের সার্বভৌমত্ব প্রতিষ্ঠা হলেও বাস্তবে তা হয়নি। অথচ মুক্তিযুদ্ধ হয়েছিল জনগণের সার্বভৌমত্ব প্রতিষ্ঠা করার লক্ষ্যে। অধিকাংশ সরকার অগণতান্ত্রিক হওয়ার কারণেই শিক্ষাসহ জনগণের বিভিন্ন সমস্যার সমাধান হয়নি। অগণতান্ত্রিক সরকারের কাছে সমস্যার সমাধানও আশা

শেষ পৃষ্ঠায় ৫ম কলামে

## সমস্যা সমাধানের জন্য

প্রথম পৃষ্ঠার পর

করা যায় না। সমস্যা সমাধানের জন্য প্রয়োজনজনগণেরসরকার।

গতকাল শুক্রবার বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যায় শিক্ষক সমিতির দ্বিতীয় জাতীয় সম্মেলনে প্রধান অতিথির ভাষণে তিনি একথা বলেন। ডঃ ম আখতারুজ্জামানের সভাপতিত্বে ঢাকায় কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরী মিলনায়তনে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক গোলাম সামদানী কোরায়শী, শুভেচ্ছা ভাষণ দেন বাংলাদেশ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদিকা হেনা দাস। অধ্যাপিকা এ এন রাশেদা অনুষ্ঠান পরিচালনাকরেন।

বিচারপতি কামাল উদ্দিন হোসেন বলেন, আজ সবচেয়ে বড় সংকট গণতন্ত্রে উত্তরণের লক্ষ্যে সাংবিধানিক সংকট। শিক্ষাঙ্গনের পরিবেশ আজ হিংসা–সন্ত্রাসের কবলে সংকটাপন্ন। এ সংকট নিরসনের জন্য শিক্ষকদেরকে আলাপ আলোচনার মাধ্যমে সমাধানে আসার লক্ষ্যে তৎপর হওয়া দরকার।

তিনি বলেন, "সরকার অগণতান্ত্রিক" এটাই হচ্ছে দেশের চৌদ্দ আনা সমস্যা। মুখে গণতন্ত্রের কথা বলা হলেও দেশে গণতন্ত্র ও গণতান্ত্রিক প্রক্রিয়া কিছুই

হেনা দাস বলেন; কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ও বাংলাদেশ শিক্ষক সমিতির মধ্যে অনেক সাদৃশ্য রয়েছে। উভয় সংগঠনের লক্ষ্য ও আদর্শে রয়েছে মিল। এই সম্মেলনের সফলতা বাংলাদেশের শিক্ষক সমাজের জন্য সুষ্ঠু ধারার সংগঠনের বিকাশকে ত্বরান্বিত করবে।

অধ্যাপক গোলাম সামদানী কোরায়শী বলেন, দেশের এই সংকটাপন্ন পরিবেশে আমরা শিক্ষক হিসেবে নীরব দর্শকের ভূমিকা পালন করতে পারি না। কারণ এখনও আমরা আমাদের বিবেককে বিক্রিকরিনি।

ডঃ ম, আখতারুজ্জামান সভাপতির ভাষণে বলেন, বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির লক্ষ্য মুক্তিযুদ্ধের চেতনাকে প্রতিষ্ঠা করা। এই লক্ষ্য ও আদর্শের ভিত্তিতে শিক্ষকদের দেশ গড়ার কাজে এগিয়ে আসতে হবে।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে সেমিনারের আয়োজন করা হয়। এতে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের দর্শনের সহযোগী অধ্যাপক হাসান আজিজুল হক 'মুক্তিযুদ্ধের চেতনাঃ গণতান্ত্রিক শিক্ষাব্যবস্থা' এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ইংরেজীর অধ্যাপক ডঃ নূরুল ইসলাম 'মুক্তিযুদ্ধের চেতনা ও আমাদের শিক্ষা ব্যবস্থা' শীর্ষক দু'টো প্রবন্ধ পাঠ করেন। এতে সভাপতিত্ব করেন ডঃ মমতাজুর রহমান তরফদার।

গতকাল বিকেলে টিএসসি'তে অনুষ্ঠিত সেমিনারে 'শিক্ষা ক্ষেত্রে ব্যয়বরাদ্দ' শীর্ষক প্রবন্ধ পাঠ করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের সহযোগী অধ্যাপক ডঃ এটিএম জহুরুল হক। এতে সভাপতিত্ব করেন সিদ্ধেশ্বরী গার্লস কলেজের অধ্যাক্ষা শামসে আরা হোসেন। দু'দিনব্যাপী সম্মেলনের আজ দ্বিতীয় দিনের কর্মসূচীতে রয়েছে কাউন্সিল অধিবেশন, র‌্যালী ও স্মারকলিপি পেশ।